গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার
সংস্থাপন শাখা

## জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত জেলা নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

| | |
|---|---|
| সভাপতি | ড. উর্মি বিনতে সালাম<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ৩১ অক্টোবর, ২০২৩ খ্রি. |
| সভার সময় | বিকাল ০৩.৩৫ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসক এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক' দ্রষ্টব্য। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়ন, সচেতনতা বৃদ্ধি, শুদ্ধাচার চর্চার জন্য প্রণোদনা প্রদান, ই-গভর্নেন্স ও সেবার মান উন্নীতকরণ, স্বচ্ছতা ও জবাবদিহিতা, জনসেবা সহজীকরণের লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ ও সেবা পদ্ধতি সহজীকরণ এর উপর গুরুত্বারোপ করাসহ সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

<table>
<tr><th>ক্রমিক</th><th colspan="4">আলোচনার বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী কর্মকর্তা</th></tr>
<tr><td rowspan="3">০১</td><td colspan="4">গত সভার গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:</td><td rowspan="3">১.১) বিগত সভায় গৃহীত ০৭ টি সিদ্ধান্তের মধ্যে ০৭ টি সিদ্ধান্ত বাস্তবায়ন হওয়ায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td><td rowspan="5">অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৌলভীবাজার।<br>প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, মৌলভীবাজার।</td></tr>
<tr><td>সভার তারিখ</td><td>গৃহীত সিদ্ধান্তের সংখ্যা</td><td>গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের সংখ্যা</td><td>সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতির হার</td></tr>
<tr><td>২৪.০৭.২০২৩</td><td>০৭</td><td>০৭</td><td>১০০%</td></tr>
<tr><td>০২</td><td colspan="4">নৈতিকতা কমিটির সভা :<br>জেলা নৈতিকতা কমিটির সভা প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে অনুষ্ঠিত হচ্ছে এবং সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিতকরণে তদারকি করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়।</td><td>২.১) নৈতিকতা কমিটির সভা নিয়মিতভাবে প্রতি ত্রৈমাসিকের ১ম মাসে আয়োজন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন নিশ্চিত করার কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td></tr>
<tr><td>০৩</td><td colspan="4">জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ ও অনুমোদন প্রদান :<br>এ কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন ১২ অক্টোবর ২০২৩ তারিখের ৫৮৪ স্মারকে বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরণ ও ওয়েবপোর্টালে আপলোড করা হয়েছে। প্রেরিত ১ম ত্রৈমাসিকের প্রতিবেদন পর্যালোচনাপূর্বক সভায় অনুমোদন প্রদান করা হয়।</td><td>৩.১) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ এবং ওয়েবপোর্টালে আপলোডের ধারা অব্যাহত রাখতে হবে।<br><br>৩.২) বিভাগীয় কমিশনারের কার্যালয়ে প্রেরিত এ কার্যালয়ের ২০২৩-২০২৪ অর্থবছরের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদনের অনুমোদন প্রদান করা হলো।</td></tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ০৪ | **সেবাবক্স হালনাগাদকরণ :**<br>এ কার্যালয় শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করার পাশাপাশি ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক ক্রয়-পরিকল্পনা 'বাজেট ব্যবস্থাপনা' নামক আলাদা সেবাবক্স তৈরি করে আপলোড করা হয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। | ৪.১) শুদ্ধাচার সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | |
| ০৫ | **যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি:**<br>অফিসের সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মক্ষেত্রে আবশ্যিকভাবে উপস্থিত হওয়া এবং অফিসের সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতায় নিয়মিত স্বাক্ষর প্রদান করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | ৫.১) অফিসে সংরক্ষিত সংশ্লিষ্ট হাজিরা খাতা নিয়মিত মনিটরিং এর মাধ্যমে সকল কর্মকর্তা/কর্মচারীকে যথাসময়ে কর্মস্থলে উপস্থিতি নিশ্চিত অব্যাহত রাখতে হবে। | উপপরিচালক, স্থানীয় সরকার, মৌলভীবাজার, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/রাজস্ব/শিক্ষা ও আইসিটি), বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মৌলভীবাজার। |
| ০৬ | **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন :**<br>২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা আয়োজন করতে হবে মর্মে সভায় অবহিত করা হয়। | ৬.১) ২০২৩-২৪ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে কর্মকর্তা/ কর্মচারীদের অংশগ্রহণে বিভিন্ন প্রশিক্ষণ এবং সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত সভা আয়োজন নিশ্চিত করতে হবে। | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) মৌলভীবাজার। প্রশাসনিক কর্মকর্তা, সংস্থাপন শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |
| ০৭ | **সেবা প্রদানের ক্ষেত্রে শুদ্ধাচার :**<br>২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত গ্রহণ করা হচ্ছে মর্মে সভায় অবহিত করা হয়। মতামত নির্ধারিত ছকের আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | ৭.১) ২০২৩-২০২৪ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা এর সূচক ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবাগ্রহীতার মতামত সংরক্ষণ নিশ্চিতকরণে আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। | সহকারী কমিশনার, ফ্রন্টডেস্ক/ রেকর্ডরুম/গোপনীয়/স্থানীয় সরকার শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার। |

ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৫৮০০.০০৬.৩৯.০০১.২৩.৬৬৪

তারিখ: ১৫ কার্তিক ১৪৩০
৩১ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়

৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।

৫) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

৬) অতিরিক্ত জেলা প্রশসাক (সকল), মৌলভীবাজার

৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), মৌলভীবাজার

৮) সহকারী কমিশনার (ভূমি) মৌলভীবাজার সকল

৯) ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার

১০) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার (ওয়েবপোর্টালে কার্যবিবরণী প্রকাশের অনুরোধসহ)

১১) প্রশাসনিক কর্মকর্তা (সকল), মৌলভীবাজার

ড. উর্মি বিনতে সালাম
জেলা প্রশাসক